গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
প্রশাসন শাখা-৩
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

নং- ২০.০০.০০০০.৩০৪.০১১.৩৭.১৪-২২৪

তারিখ ঃ ০৫ ফাল্গুন, ১৪২২ / ১৭ ফেব্রুয়ারি, ২০১৬

নিয়োগ বিজ্ঞপ্তি

পরিকল্পনা বিভাগের রাজস্ব খাতভুক্ত ৩য় শ্রেণীর শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। পূরণযোগ্য পদের নাম, শিক্ষাগতযোগ্যতা ও অন্যান্য তথ্যের বিবরণ নিম্নরূপঃ

পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা।	যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
১। সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর।	২০টি	১১০০০-২৬৫৯০ (গ্রেড -১৩)	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী; খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত ; এবং গ) বাংলা ও ইংরেজী সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ গতিসম্পন্ন ; ঘ) বাংলা ও ইংরেজী কম্পিউটার টাইপে যথাক্রমে প্রতি মিনিটে ২৫ ও ৩০ শব্দ গতিসম্পন্ন ; ঙ) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	ঢাকা, জামালপুর, টাঙ্গাইল, ফরিদপুর, শরিয়তপুর, মানিকগঞ্জ, রাজবাড়ী, চাঁদপুর, নাটোর, সিরাজগঞ্জ, রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, মাগুরা, নড়াইল, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠী হবিগঞ্জ জেলা **ব্যতীত** সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীরা আবেদন করতে পারবেন।
২। কম্পিউটার অপারেটর	৭টি	১১০০০-২৬৫৯০ (গ্রেড -১৩)	a) Graduate, preferably science relaxable for departmental Data Entry/Control Operators with at least 2 years; b) Must Qualify Operator's aptit ude test	সকল বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৩। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	৭টি	৯৩০০-২২৪৯০ (গ্রেড -১৬)	ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত ; এবং গ) কম্পিউটার টাইপে প্রতি মিনিটে বাংলা ২০ ও ইংরেজীতে ২০ শব্দের গতি সম্পন্ন।	চট্টগ্রাম বিভাগ, বরিশাল বিভাগ, ঢাকা বিভাগের ফরিদপুর, রংপুর বিভাগের ঠাকুরগাঁও জেলা **ব্যতীত** অন্যান্য সকল বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীরা আবেদন করতে পারবেন।
৪। ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর	২টি	৯৩০০-২২৪৯০ (গ্রেড -১৬)	(a) HSC preferably in Science group. (b) Must qualify standard aptitude test for Data Entry Operator.	রাজশাহী বিভাগের সকল জেলা এবং গাজীপুর, কিশোরগঞ্জ, শেরপুর, চাঁদপুর, গাইবান্ধা, সাতক্ষীরা জেলা **ব্যতীত** অন্যান্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৫। টেলিফোন অপারেটর	১টি	৯৩০০-২২৪৯০ (গ্রেড -১৬)	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) টেলিফোন অপারেটর হিসাবে ১ (এক) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।	খুলনা বিভাগ **ব্যতীত** অন্যান্য বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

শর্তাবলীঃ

(১) আবেদনকারী প্রার্থীদেরকে পরিকল্পনা বিভাগের ওয়েব সাইট (http://recruitment.plandiv.gov.bd) হতে নির্ধারিত চাকরির আবেদন ফরম হুবহু অনুসরণ করে পূরণক্রমে আবেদনপত্র প্রিন্ট করে ছবি ও প্রয়োজনীয় সকল সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করে ও স্বাক্ষর দিয়ে আবেদনপত্র ডাকযোগে (কুরিয়ার সার্ভিসসহ) আগামী ২৩/০৩/২০১৬ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে যুগ্ম-সচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ, ব্লক নং-৯, কক্ষ নং-১৬, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭-এই ঠিকানায় অবশ্যই পৌঁছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর প্রাপ্ত কোন আবেদন বিবেচনাযোগ্য হবে না। হাতে হাতে কোন আবেদন গ্রহণযোগ্য হবেনা। চাকরির আবেদন ফরম পূরণের বিস্তারিত তথ্য http://recruitment.plandiv.gov.bd পাওয়া যাবে। খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

(২) সকল পদের জন্য আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা অফেরতযোগ্য সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা-এর অনুকূলে কোড নং-১-১৪০১-০০০১-২০৩১-তে ট্রেজারী চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা করে চালানের মূল কপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। কোন প্রকার পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট এ ক্ষেত্রে গ্রহণ যোগ্য হবে না।

(৩) আবেদনপত্রের সাথে সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙ্গিন ছবি (সত্যায়িত) সংযুক্ত করতে হবে।

(৪) ২৩/০৩/২০১৬ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। (মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(৫) সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে বিভাগীয় প্রার্থীগণের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

(৬) ক্রমিক নং ১ এবং ৩ এর পদসমূহ বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪, ক্রমিক নং ২ এবং ৪ এর পদসমূহ The computer Personal (Government and Local Authorities) Recruitment Rules, 1985 এবং ক্রমিক নং ৫ এর পদটি পরিকল্পনা বিভাগ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০১৫ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

(৭) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।

(৮) কর্তৃপক্ষ এ বিষয়ে নিয়মমাফিক যেকোন পদক্ষেপ গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন। শূন্যপদ পূরণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(৯) প্রাপ্ত আবেদনপত্র যাচাই/বাছাই এর পর কেবলমাত্র ত্রুটিমুক্ত আবেদনপত্রের প্রার্থীদের পরীক্ষার জন্য ডাকা হবে। পরীক্ষা/ইন্টারভিউতে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণ করতে পারবেন এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

(১০) নিয়োগের ক্ষেত্রে সরকারী বিদ্যমান কোটানীতি অনুসরণ করা হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য, এতিম, প্রতিবন্ধী এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত সার্টিফিকেট উপস্থাপন করতে হবে।

(১১) প্রত্যেক প্রার্থীকে আবেদন পত্রের সাথে ১০ (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিট সম্বলিত ৯.৫ X ৪.৫ মাপের নিজ ঠিকানা লিখিত ২টি ফেরৎ খাম পাঠাতে হবে।

(১২) যে কোন ধরণের তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কেহ তথ্য গোপন করে চাকরি গ্রহণে করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১৩) উপরের যে কোন শর্ত ভঙ্গ করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(১৪) এ নিয়োগ বিজ্ঞপ্তি এবং চাকরির আবেদন ফরম এ বিভাগের ওয়েব সাইটে (www.plandiv.gov.bd) পাওয়া যাবে।

২৭/২/২০১৬

(শফিকুজ্জামান)
যুগ্ম-সচিব (প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।